

💵 আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ২২৯

৪. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১৩) ওযুর পর দু'রাকাআত সালাত পড়ার প্রতি উদ্বুদ্ধকরণ

الترغيب في ركعتين بعد الوضوء

আরবী

(صحیح) وَعَنْ حُمْرَانَ مَوْلَى عُثْمَانَ بْنِ عَفَّانَ أَنَّهُ رَأَى عُثْمَانَ بْنَ عَفَّانَ دَعَا بِوَضُوءٍ فَأَفْرَغَ عَلَى يَدَيْهِ مِنْ إِنَائِهِ فَغَسَلَهُمَا ثَلَاثَ مَرَّاتٍ ثُمَّ أَدْخَلَ يَمِينَهُ فِي الْوَضُوءِ ثُمَّ وَالْمُونُوءِ ثُمَّ عَسَلَ وَجْهَهُ ثَلَاثًا وَيَدَيْهِ إِلَى الْمِرْفَقَيْنِ ثَلَاثًا ثُمَّ مَسَحَ تَمَضْمَضَ وَاسْتَنْشَقَ وَاسْتَنْثَرَ ثُمَّ غَسَلَ وَجْهَهُ ثَلَاثًا وَيَدَيْهِ إِلَى الْمِرْفَقَيْنِ ثَلَاثًا ثُمَّ مَسَحَ بِرَأْسِهِ ثُمَّ غَسَلَ رِجْلَيْهِ ثَلَاثًا ثُمَّ قَالَ رَأَيْتُ رَسُولَ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَتَوَضَّا أُنحُو وُضُوبًى هَذَا ثَم قَالَ:

مَنْ تَوَضَّاً نَحْوَ وُضُوئِي هَذَا ثُمَّ صلَّى رَكْعَتَيْنِ لَا يُحَدِّثُ فِيهِمَا نَفْسَهُ غَفَرَ اللَّهُ لَهُ مَا تَقَدَّمَ مِنْ ذَنْبهِ

. رواه البخاري ومسلم وغيرهما

বাংলা

২২৯. (সহীহ) হুমরান থেকে বর্ণিত। তিনি ছিলেন উছমান বিন আক্ষান (রাঃ) এর ক্রীতদাস। তিনি দেখলেন, উছমান বিন আক্ষান (রাঃ) ওযুর পানি আনতে বললেন, তারপর পাত্র থেকে উভয় হাতের উপর পানি ঢেলে তিনবার ধৌত করলেন। অতঃপর তিনি ডান হাত পানির মধ্যে প্রবেশ করালেন, কুলি করলেন, নাকে পানি দিলেন ও নাক ঝাড়লেন। এরপর মুখমণ্ডল তিনবার এবং দু'হাত কনুই পর্যন্ত তিনবার ধৌত করলেন, অতঃপর মাথা মাসেহ করলেন ও পদদ্বয় তিনবার ধৌত করলেন। তারপর বললেন, আমার এই ওযুর মতই রাসূলুল্লাহ্ (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লাম)কে আমি ওযু করতে দেখেছি। অতঃপর তিনি বলেছেনঃ "যে ব্যাক্তি আমার এই ওযুর মত ওযু করবে, অতঃপর দু'রাকআত সালাত আদায় করবে- তাতে কোন প্রকার আত্মসংলাপ করবে না, তবে তার পূর্বকৃত যাবতীয় পাপ ক্ষমা করা হবে।"

(বুখারী ১৬৪ ও মুসলিম ২২৬ প্রমুখ হাদীছটি বর্ণনা করেছেন)



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ হুমরান ইবনু আবান (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন